

২০২১

ষষ্ঠ সেমেস্টার

বাংলা - সাম্মানিক

পত্র : CC-14

[সংস্কৃত, ইংরেজি ও প্রতিবেশী (হিন্দি) সাহিত্যের ইতিহাস]

পূর্ণমান - ৬৫

প্রাপ্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।
উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

- ১। কালিদাস রচিত কাব্যগুলির নাম উল্লেখ করে তাঁর কবিপ্রতিভার পরিচয় দাও। ২+৮
- অথবা,
- ‘শূদ্রক একটিমাত্র নাটক রচনা করে সংস্কৃত সাহিত্যে অমর হয়ে আছেন।’ —নাটকটির নাম কী? এই মন্তব্যটি সম্পর্কে তোমার মতামত দাও। ১+৯
- ২। নাট্যকার রূপে স্যামুয়েল বেকেট-এর মূল্যায়ন করো। ১০
- অথবা,
- বিশ শতকের ইংরেজি কথাসাহিত্যে ভার্জিনিয়া উলফ-এর গুরুত্ব বিচার করো। ১০
- ৩। ছায়াবাদ কাকে বলে? ছায়াবাদী কবি হিসাবে মহাদেবী বর্মার কৃতিত্বের পরিমাপ করো। ৩+৭
- অথবা,
- ‘আঞ্চলিক জীবনের শিল্পী’ হিসাবে হিন্দি কথাসাহিত্যে ফণীশ্বরনাথ রেণুর কৃতিত্ব বিচার করো। ১০
- ৪। ভবভূতি রচিত একটি নাটকের সংক্ষিপ্ত পরিচয় দাও। ৫
- অথবা,
- ‘গীতগোবিন্দম’ কাব্যের রচয়িতা কে? এই কাব্যে ক’টি সর্গ আছে? যে-কোনো তিনটি সর্গের নাম লেখো। ১+১+৩
- ৫। ‘ম্যাকবেথ’ নাটকটির বিষয়বস্তু সংক্ষেপে লেখো। ৫
- অথবা,
- ইংরেজি সাহিত্যে রোমান্টিক যুগের কাব্যরচনার বৈশিষ্ট্যগুলি উল্লেখ করো। ৫

Please Turn Over

৬। সামাজিক বৈষম্য ও শোষণের বিষয়টি প্রেমচন্দ বহু গল্পে অকপটে প্রকাশ করেছেন। —এ জাতীয় একটি গল্পের সংক্ষিপ্ত পরিচয় দাও।

৫

অথবা,

কবি নিরালার সম্পূর্ণ নাম কী? তিনি কলকাতা থেকে প্রকাশিত যে পত্রিকার সঙ্গে যুক্ত ছিলেন, সেই পত্রিকার নাম ও প্রকাশকের নাম লেখো। তাঁর রচিত প্রথম উপন্যাসের নাম ও প্রকাশকাল লেখো।

১+১+১+১+১

৭। যে-কোনো একটি বিষয়ে টীকা লেখো।

৫×১

(ক) কাদম্বরী

(খ) দি ওয়েস্ট ল্যান্ড

(গ) দুর্লভ বন্ধু

৮। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও।

১×১৫

(ক) বিক্রমোর্বশীয় কার রচনা, কোন শ্রেণির সাহিত্য?

(খ) বার্নার্ড'শ রচিত একটি নাটকের নাম ও প্রকাশকাল লেখো।

(গ) 'চীনী ফেরিওয়ালা' গল্পটির রচয়িতা কে?

(ঘ) 'হর্ষচরিত' কাব্যটি কার জীবনকথা নিয়ে রচিত?

(ঙ) আইভ্যান হো কার রচনা, কত সালে প্রকাশিত হয়েছিল?

(চ) সুমন চরিত্রটি প্রেমচন্দের কোন উপন্যাসে পাওয়া যায়?

(ছ) রঘুবংশ কাব্যে মোট কতজন রাজার উল্লেখ করা হয়েছে?

(জ) চার্লস ডিকেন্স কোন বিশেষ সাহিত্যযুগের লেখক? তাঁর লেখা একটি উপন্যাসের নাম লেখো।

(ঝ) 'মার্ভার ইন দ্য ক্যাথিড্রাল' কার লেখা? এই কাব্যনাট্যে কোন সময়ের ঘটনা বর্ণিত হয়েছে?

(ঞ) 'বটবাবা' গল্পটি কত সালে, কোন পত্রিকায় প্রকাশিত হয়?

(ট) 'চন্দনচর্চিত নীল কলেবর পীতবসন বনমালী' — কোন কাব্যের অংশ? এর অর্থ কী?

(ঠ) 'কুকুরমুণ্ডা' শব্দের অর্থ কী? কাব্যটি কত সালে প্রকাশিত হয়?

(ড) কবি জন কীটস রচিত দুটি কবিতার নাম লেখো।

(ঢ) 'কবিবচন সুধা' পত্রিকা কে সম্পাদন করেন? তাঁর সম্পাদিত আর একটি পত্রিকার নাম লেখো।

(ণ) চারুদত্ত চরিত্রটি কোন রচনায় পাওয়া যায়?